জাতীয় বিশ্ববিদ্যালয়
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
গাজীপুর

স্মারক নং ০৫(৫৩৪) জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২২/ ৫০৯৪ তারিখঃ ১০/০৩/২০২৪

২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিশেষ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ১ম ও ৩য় বর্ষে সকল বিষয়ে উত্তীর্ণ হয়েছে কিন্তু শুধুমাত্র ২য় বর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) হয়েছে তাদের বিশেষ বিবেচনায় নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ফরম পূরণের সুযোগ প্রদান করা হলো ঃ

১। ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২২ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষায় ফরম পূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না।

২। ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের কোন শিক্ষার্থী ফরম পূরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।

বিঃ দ্রঃ অনলাইনে ফরম পূরণ, শিক্ষার্থীদের ডাটা নিশ্চয়ন ও সোনালী সেবার মাধ্যমে টাকা জমা ইত্যাদি ফরম পূরণের যাবতীয় কার্যক্রম জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে প্রকাশিত স্মারক নং ০৫(৫৩৪) জাতীঃ বিঃ/পরীঃ/ডিগ্রী পাস/২০২২ ৪৯৯৬, তারিখ : ২২/০২/২০২৪ বিজ্ঞপ্তির সকল শর্তাবলী অপরিবর্তীত থাকবে।

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭
e-mail : controller@nu.ac.bd